বিল্ডিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (০১ অক্টোবর ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: গোদাগাড়ী **জেলা: রাজশাহী**
তারিখ: ০১-১০-২০২৬ **বুলেটিন নম্বর: ১৮৭**

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ২৮.০৯.২০২৬ থেকে ৩০.০৯.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২৮-০৯-২০২৬	২৯-০৯-২০২৬	৩০-০৯-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০-৮	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩২	৩২	৩২
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৩	২৩	২২
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৮১	৭৭	৭৭
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৪	১৪	১৪
বাতাসের দিক	উত্তর –পশ্চিম	উত্তর –পশ্চিম	উত্তর –পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ০১.১০.২০২৬ থেকে ০৪.১০.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	০১-১০-২০২৬	০২-১০-২০২৬	০৩-১০-২০২৬	০৪-১০-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৩	৩৩	৩২	৩২
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৩	২২	২২	২১
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৭০	৭১	৭০	৬৮
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৩	১৩	১৩	১৩
বাতাসের দিক	উত্তর –পশ্চিম	উত্তর –পশ্চিম	উত্তর –পশ্চিম	উত্তর –পশ্চিম

Source: https://usf.bmd.gov.bd/

সময়কাল: ০১ অক্টোবর – ০৪ অক্টোবর ২০২৬

আম:

- অগামী চারদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নাই। ফল সংগ্রহের পর থেকে শীত শুরুর আগ পর্যন্ত সময়টি আম গাছ ছাঁটাইয়ের উপযুক্ত সময়। শুষ্ক ও রৌদ্রোজ্জ্বল দিনে গাছ ছাটাইয়ের কাজ করুন এবং বড় ডাল কাটলে কাটা স্থানে বোর্দো পেস্ট বা অনুমোদিত ছত্রাকনাশক পেস্ট লাগিয়ে দিন। নতুন লাগানো চারায় শুধু মরা ডাল ছাঁটাই করুন।

মিষ্টিকুমড়া:

- অগামী চারদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নাই। বরেন্দ্র এলাকার মাটির পানি দ্রুত শুকিয়ে যায় তাই নতুন চারাকে কড়া রোদ থেকে রক্ষা করতে বিকেলের দিকে হালকা সেচ দিন এবং সম্ভব হলে সাময়িক ছায়া/খড়-মালচিং ব্যবহার করুন। সদ্য গজানো চারায় রেড পাম্পকিন বিটল ও কাটুই পোকার আক্রমণ দেখা দিতে পারে। নিয়মিত ক্ষেত পরিদর্শন করে প্রয়োজনে স্থানীয় কৃষি সম্প্রসারণ অফিসের পরামর্শে ব্যবস্থা নিন।